

ভাভারিয়া উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভা নম্বর	: ০৪/২০২১
সভার তারিখ ও সময়	: ২৮/১১/২০২১ ইং সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	: উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, ভাভারিয়া, পিরোজপুর।
সভাপতি	: মোঃ মশিউর রহমান মুধা, উপজেলা ভাইস চেয়ারম্যান, ভাভারিয়া, পিরোজপুর।

সদস্যবৃন্দের উপস্থিতির হাজিরা : পরিশিষ্ট 'ক'

সভার কার্যবিবরণী :

সভার শুরুতে সভাপতি মহোদয় সভার উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অধ্যকার সভার আলোচ্য বিষয় আলোচনা করার জন্য অনুরোধ করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনালে তা কোন প্রকার সংশোধনী ছাড়াই অনুমোদিত ও দৃঢ়করণ করা হয়। তিনি ভাভারিয়া উপজেলার যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে উপস্থাপন করেন।

১। প্রশিক্ষন সংক্রান্ত আলোচনাঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব প্রশিক্ষনের প্রতি ব্যাচে ৩০ জন করে ১৪ টি ব্যাচের মোট ৪২০ জন প্রশিক্ষনাথীর বরাদ্দ পাওয়া গিয়াছে। নভেম্বর/২০২১ ইং তারিখ পর্যন্ত ৯০ জনকে প্রশিক্ষন প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনা করে প্রশিক্ষনের গুণগত মান ঠিক রাখা সহ প্রশিক্ষন প্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থান মূলক প্রকল্প গ্রহন করার লক্ষ্যে সার্বিক সহযোগীতা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের অনুরোধ করেন।

২। ঋন বিতরণঃ উপজেলা উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে ৩২,৮০,০০০/- টাকার ঋন বিতরণ করার লক্ষ্যমাত্রা রয়েছে। নভেম্বর/২০২১ ইং তারিখ পর্যন্ত ১১,০০,০০০/- টাকা ঋন বিতরণ করা হয়।


সিদ্ধান্তঃ সভায় আলোচনা করে বিতরণকৃত ঋনের টাকা যথাযথ প্রকল্পে ব্যবহার হচ্ছে কিন তা তদারকি করা সহ নিয়মিত কিস্তি আদায়ের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সহকারী যুব উন্নয়ন কর্মকর্তাদের অনুরোধ করেন।

৩। খেলাপী ঋন আদায়ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২০২১ মাস পর্যন্ত ১১,২১,৪৯৭/- (এগারো লক্ষ একুশ হাজার চারশত সাতানব্বই) টাকা খেলাপী রয়েছে। উক্ত খেলাপী টাকা আদায়ের জন্য সকলের সহযোগীতা কামনা করছি।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনা করে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে পুনঃরায় নোটিশ প্রদানসহ খেলাপী ঋন গ্রহীতাদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সহকারী যুব উন্নয়ন কর্মকর্তাদের অনুরোধ করেন।

০৪। বিবিধঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে; নতুন ভবন থেকে পুরাতন ভবনে অফিস স্থানান্তর করায় অত্র অফিসে কোন ওয়াশরুম নেই। তিনি আরও জানান যে, অত্র অফিসের বিদ্যুতের ওয়ারিং অবস্থা খুবই বুকিপূর্ণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ মশিউর রহমান মুধা)
উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি


উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
ভাভারিয়া, পিরোজপুর।

স্মারক নং-৩৪.০১.৭৯১৪.০০০.০০৬.১৫৮.১৯-

তারিখঃ ২৮/১১/২০২১ ইং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর।
- ৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর।
- ৪। ভাইসচেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।
- ৫। চেয়ারম্যান, নদমূলা/ধাওয়া/গৌরীপুর, ভান্ডারিয়া, পিরোজপুর।
- ৬। দপ্তর নথি।



(মোঃ সাখাওয়াত হোসেন)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও

সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
ভান্ডারিয়া, পিরোজপুর।

পরিশিষ্ট- 'ক'

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক নং	সদস্যদের নাম/পদবী	কমিটিতে পদবী	হাজিরা	মন্তব্য
১.	মোঃ মশিউর রহমান মুধা, ভাইস্ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।	সভাপতি	উপস্থিত	
২.	মোঃ সিদ্দিকুর রহমান টুলু, চেয়ারম্যান, ধাওয়া ইউনিয়ন পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।	সদস্য	উপস্থিত	
৩.	মোঃ শফিকুল কবীর বাবুল তালুকদার, চেয়ারম্যান, নদমূলা ইউনিয়ন পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।	সদস্য	উপস্থিত	
৪.	মোঃ মজিবুর রহমান চৌধুরী, চেয়ারম্যান, গৌরীপুর ইউনিয়ন পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর।	সদস্য	উপস্থিত	
৫.	মোঃ সাখাওয়াত হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভান্ডারিয়া, পিরোজপুর।	সদস্য-সচিব	উপস্থিত	